দৈনিক সংবাদ

তারিখ 0 4 AUG 1993
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ১ ...

### পর্যালোচনা বৈঠকে প্রধানমন্ত্রী

# প্রাথমিক শিক্ষাকে সফল করতে যথাযথ ব্যবস্থাপনা চাই

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া বলেছেন, দেশের প্রাথমিক শিক্ষা ক্ষেত্রে কাঙ্ক্ষিত সাফল্য অর্জনের জন্য যথাযথ ব্যবস্থাপনা অবশ্যই প্রয়োজন। ব্যবস্থাপনার ক্ষেত্রে অদক্ষতা পুরো কর্মসূচীতে বিরূপ প্রভাব ফেলে এবং প্রধানত এই ব্যর্থতার কারণে এ ক্ষেত্রে অতীতে কাঙ্ক্ষিত সাফল্য অর্জন করা যায়নি। বেগম জিয়া গতকাল শনিবার ওসমানী স্মৃতি মিলনায়তনে প্রাথমিক ও গণশিক্ষা কর্মসূচী সংক্রান্ত ঢাকা বিভাগীয় পর্যালোচনা বৈঠকে বক্তৃতা করছিলেন। খবর বাসস'র।

বেগম জিয়া বলেন, আমাদের মনে রাখতে হবে আজকের শিশুদের শিক্ষিত করে তোলার ব্যর্থতা ভবিষ্যৎ বংশধরদের ওপর বোঝা বাড়াবে।

প্রধানমন্ত্রী বলেন, আমাদের প্রথম

প্রধানমন্ত্রী : পৃঃ ১২ কঃ ৭

### প্রধানমন্ত্রী : পর্যালোচনা বৈঠক

( ১ম পৃষ্ঠার পর )

অনুধাবন করতে হবে এই শিক্ষা আসলে কার জন্য। তিনি বলেন, সংখ্যাগরিষ্ঠ জনগণের সরাসরি অংশগ্রহণ 'সবার জন্য শিক্ষা'র লক্ষ্য অর্জন নিশ্চিত করতে পারে। এ জন্যে জনগণকে আগ্রহী করে তুলতে ব্যাপক প্রচারণা এবং গণসচেতনতা সৃষ্টি প্রয়োজন। তাহলেই এই উদ্যোগ সাফল্য-মণ্ডিত হবে।

বেগম জিয়া বলেন, শিক্ষক সম্প্রদায় হচ্ছে শিক্ষাব্যবস্থার জীবনীশক্তি। শিক্ষা-ক্ষেত্রে সাফল্য প্রধানত তাদের ওপরই নির্ভর করছে।

প্রধানমন্ত্রী বলেন, শিক্ষা মানুষের মৌলিক অধিকার। তার সরকার দেশের জনগণের এ অধিকার নিশ্চিত করতে চায়। স্কুল পরিত্যাগ প্রাথমিক শিক্ষার একটি সমস্যা হিসেবে চিহ্নিত করে প্রধানমন্ত্রী বলেন, প্রাথমিক শিক্ষা কর্মসূচীকে কার্যকরভাবে সফল করতে হলে স্কুল ছেড়ে দেয়া বন্ধ করার উপায় খুঁজে বের করতে হবে।

প্রধানমন্ত্রী বলেন, দেখা গেছে যখন স্কুলে মহিলা শিক্ষক নিয়োগ করা হয় তখন ছাত্রীদের সংখ্যা বৃদ্ধি পায়। তাই তখন প্রাথমিক স্কুলের শিক্ষক নিয়োগের ক্ষেত্রে আমাদেরকে মহিলা প্রার্থীদের অগ্রাধিকার দিতে হবে।

আন্তর্জাতিক রেডক্রস ও রেড ক্রিসেন্ট সোসাইটিজ ফেডারেশনের (আইএফআরইএস) ভারপ্রাপ্ত মহাসচিব জর্জ ওয়েবার গতকাল প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সঙ্গে তার কার্যালয়ে সাক্ষাৎ করেন। বৈঠকের সময় প্রধানমন্ত্রী ১শ' ২০টি ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র ও ১৫টি বহুমুখী কেন্দ্র নির্মাণে ফেডারেশনের সহায়তার প্রশংসা করেন।